



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৭.২২ (অংশ-১)-২৯৮

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয়, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের নন-গেজেটেড কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর সংক্রান্ত।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৭.২২ (অংশ-১)-২৮৮, তারিখ: ২৫ অক্টোবর ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন এবং দ্রুততম সময়ে সেবা প্রদানের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয় এবং সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজ) চাকরি (বেতন ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী প্রাপ্য নন-গেজেটেড কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা স্ব-স্ব বিভাগের/অঞ্চলের আঞ্চলিক পরিচালকগণ মঞ্জুর করবেন। উক্ত ছুটি মঞ্জুরের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করতে হবে:

- বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা ১৯৭৯ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এ সংক্রান্ত অন্যান্য নির্দেশনা প্রতিপালন করতে হবে;
- উক্ত ছুটি কেবলমাত্র দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ছুটিকালীন বিকল্প কর্মচারী নিশ্চিত করে ছুটি ভোগ করতে হবে;
- ছুটি মঞ্জুরের অনুলিপি কারিগরি শিক্ষা অধিদপ্তর/নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

০২। উল্লেখ্য, ১৭ জুন ২০২১ খ্রি. তারিখে ৫৭.০৩.০০০০.০১০.১৯.০৬৯.২১-২২৩ নং স্মারকে জারিকৃত কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয়, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর সংক্রান্ত আদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)

বিতরণ:

- ০১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল);
- ০২। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল);
- ০৩। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।


স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৭.২২ (অংশ-১)-২৯৮

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। অতিরিক্ত সচিব (কারিগরি অনু.), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
- ০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ০৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ০৮। ডিভিশনাল কম্পিউটার অব একাউন্টস, ----- বিভাগ;
- ০৯। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ----- জেলা;
- ১১। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ----- উপজেলা----- জেলা;

- ১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ১৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১৪। সংশ্লিষ্ট নথি।



(মোঃ হাবিবুর রহমান)

সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)